



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং : ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৬৬২৮

তারিখঃ ০৬/০৪/২০১৬ খ্রিস্টাব্দ।

### অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পভূক্ত কোন কোন উপজেলায় সুফলভোগী সদস্যদের মাঝে বিতরনকৃত ঋণের আদায়কৃত সেবামূল্য ও সদস্যদের জমাকৃত সঞ্চয়ের বিপুল পরিমাণ অর্থ স্থায়ী আমানত (FDR) হিসেবে বিনিয়োগ না করে অলসভাবে রাখা হয়েছে। এতে সদস্যদের জমাকৃত সঞ্চয়ের উপর লভ্যাংশ/সুদ প্রদানের ক্ষেত্রে মূল সঞ্চয় তহবিলে ঘাটতির আশঙ্কা সৃষ্টিসহ প্রকল্প আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এছাড়া কোন কোন উপজেলায় সদস্যদের জমাকৃত সঞ্চয়ের প্রাপ্য লভ্যাংশ/সুদ যথাসময়ে প্রদান করা হচ্ছে না। এরূপ প্রেক্ষাপটে উপজেলায় বিতরনকৃত ঋণের আদায়কৃত সেবামূল্য ও সদস্যদের জমাকৃত সঞ্চয় বৃদ্ধিকল্পে এবং সদস্যদের জমাকৃত সঞ্চয়ের প্রাপ্য লভ্যাংশ প্রদানের বিষয়ে নিম্নরূপ নির্দেশনা জারী করা হলোঃ

- ক) বিতরনকৃত ঋণের RLF ব্যতীত আদায়কৃত সেবামূল্য এবং সদস্যদের জমাকৃত সঞ্চয় আলাদা আলাদাভাবে ন্যূনতম ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হওয়া মাত্রই পৃথক স্থায়ী আমানতে (FDR) বিনিয়োগের ব্যবস্থা গ্রহন করতে হবে;
- খ) প্রতি অর্থ বছর শেষে জুলাই মাসের মধ্যে প্রত্যেক সদস্যের জমাকৃত সঞ্চয়ের উপর লভ্যাংশ/সুদ প্রদান এবং প্রদত্ত লভ্যাংশ/সুদের পরিমাণ সদস্যের পাশ বহি, WCS এবং সংশ্লিষ্ট অন্যান্য খাতাপত্রে পোস্টিং নিশ্চিত করতে হবে।
- ২। উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা না হলে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী হবেন। নির্দেশিত বিষয়ে স্বীয় দায়িত্ব পালনে প্রকল্পের সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন অফিসার, হিসাব সহকারী ও মাঠ সংগঠকের গাফিলতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্টের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।
- ৩। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলিম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. মাঠ সংগঠক (সকল)/ হিসাব সহকারী (ইরেসপো), উপজেলা-----জেলা-----।
২. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), উপজেলা-----জেলা-----।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উপজেলা-----জেলা-----।
৫. সহকারী পরিচালক (প্রশাঃ/ প্রশিঃ/ অর্থ/ উন্নয়ন) ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক, বিআরডিবি, ঢাকা মহোদয়ের একান্ত সচিব। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. উপপরিচালক, বিআরডিবি, জেলা-----।
৮. উপপ্রকল্প পরিচালক (প্রশাঃ ও প্রশিঃ/ অর্থ, বাজেট ও উন্নয়ন) ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৯. অফিস কপি।